

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তার কার্যালয়
তারাকান্দা, ময়মনসিংহ।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক উপজেলা কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব সালমা আক্তার কাকন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, তারাকান্দা, ময়মনসিংহ।

সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ।


সভার তারিখ : ১০/০৮/২০২১ খ্রিঃ, সময় : সকাল ১০.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা ও সদস্য সচিব তারাকান্দা উপজেলায় স্বাস্থ্য উন্নয়ন কার্যক্রম গ্রহণের জন্য নিম্নোক্ত আলোচনায় সিদ্ধান্ত গ্রহণের জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তারাকান্দা জানান যে, বর্তমান করোনা মহামারীতে অত্যন্ত সতর্কতার সাথে স্বাস্থ্য বিধি মেনে তারাকান্দা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য সেবা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। আউটডোরে সকাল ৮.০০ টা হতে বেলা ১২.০০ টা পর্যন্ত ডাক্তাররা অত্যন্ত সতর্কতার সাথে স্বাস্থ্যসেবা প্রদান করছেন। রোগীদের মাস্ক পরিধান করে হাসপাতালে আসতে বলা হচ্ছে। কমিউনিটি ক্লিনিকগুলোতেও স্বাস্থ্যসেবা সুষ্ঠুভাবে চলমান রয়েছে। ডাক্তার সহ সকল স্বাস্থ্যসেবাকর্মীদের পিপিই প্রদান করা হয়েছে। তিনি আরো জানান যে, তারাকান্দা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে করোনা ভাইরাস সনাক্তের লক্ষ্যে নিয়মিত জেলাতে স্যাম্পল প্রেরণ করা হচ্ছে। করোনার লক্ষণ রয়েছে এমন রোগীদের অত্যন্ত গুরুত্বসহকারে স্বাস্থ্যসেবা দেয়া হচ্ছে এবং স্যাম্পল নেয়া হচ্ছে। করোনা ভাইরাস প্রতিরোধকল্পে জনপ্রতিনিধি সহ সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার এবং জনগণকে স্বাস্থ্যবিধি মেনে চলতে ব্যাপক জনসচেতনতা সৃষ্টির জন্য তিনি অনুরোধ জানান।	তারাকান্দা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্যসেবা ও উপজেলা স্বাস্থ্য কমিউনিটি ক্লিনিকসমূহের স্বাস্থ্য সেবার মান উন্নয়নে জনপ্রতিনিধি সহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। করোনা ভাইরাস প্রতিরোধকল্পে স্বাস্থ্য বিধি মেনে চলতে ব্যাপক জনসচেতনতা সৃষ্টির জন্য জনপ্রতিনিধি সহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।
	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তারাকান্দা সভায় জানান যে, বর্তমান করোনা মহামারীতে তারাকান্দা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্যসেবা কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলমান রয়েছে। আউটডোরে সকাল ৮.০০ টা হতে বেলা ১২.০০ টা পর্যন্ত ডাক্তাররা অত্যন্ত সতর্কতার সাথে স্বাস্থ্যসেবা প্রদান করছেন। রোগীদের মাস্ক পরিধান করে হাসপাতালে আসতে বলা হচ্ছে। কমিউনিটি ক্লিনিকগুলোতেও স্বাস্থ্যসেবা সুষ্ঠুভাবে চলমান রয়েছে। ডাক্তার সহ সকল স্বাস্থ্যসেবাকর্মীদের পিপিই প্রদান করা হয়েছে। তিনি আরো জানান যে, তারাকান্দা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে করোনা ভাইরাস সনাক্তের লক্ষ্যে নিয়মিত জেলাতে স্যাম্পল প্রেরণ করা হচ্ছে। করোনা ভাইরাস প্রতিরোধকল্পে স্বাস্থ্যবিধি মেনে চলতে জনসচেতনতা সৃষ্টির জন্য জনপ্রতিনিধি সহ সকলকে অনুরোধ জানান।	করোনা ভাইরাসের প্রতিরোধকল্পে জনসাধারণের মাস্ক ব্যবহার নিশ্চিতকরণ সহ স্বাস্থ্য বিধি মেনে চলতে ব্যাপক জনসচেতনতা সৃষ্টির জন্য জনপ্রতিনিধি সহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(সালমা আক্তার কাকন)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, তারাকান্দা।

স্মারক নং- উপ.স্ব.ক/তারাকান্দা/স্থায়ী কমিটি /তারাকান্দা/২০২১-

তারিখঃ ১০/০৮/২০২১ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। সিভিল সার্জন, ময়মনসিংহ।
- ৩। উপ-পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ।
- ৬। উপজেলা অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ।
- ৭। চেয়ারম্যান ইউপি, তারাকান্দা, ময়মনসিংহ।


উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা
তারাকান্দা, ময়মনসিংহ।